**জনতা ব্যাংক লিমিটেড**
**প্রধান কার্যালয়, ঢাকা**

**হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট**
**ফোন ঃ ২২৩৩৫০৬৬৬**

**নির্দেশ বিজ্ঞপ্তি নং- ১১৯৪/২৩**

তারিখ: ১৬ মার্চ, ২০২৩ খ্রিঃ
০২ চৈত্র, ১৪২৯ বাং

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি অ্যান্ড সিইও/সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

**বিষয় ঃ জনতা ব্যাংক লিমিটেড 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২'।**

মহোদয়,

বর্ণিত বিষয়ে এ ব্যাংক কর্তৃক জারিকৃত নির্দেশ বিজ্ঞপ্তি নং- ৮৭১/১৯ তারিখ: ১৫ মে, ২০১৯ ইং এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

উল্লিখিত সার্কুলারের মাধ্যমে এ ব্যাংকে কর্মরত কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদান, বিকাশ ও স্বীকৃতির জন্য জারিকৃত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা'-এর অনুসরণে উপযুক্ত কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নির্দেশনা প্রদান করা হয়।

এক্ষণে, শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রে অধিকতর পদ্ধতিগত স্বচ্ছতা আনয়ন ও পরিসর বৃদ্ধি এবং বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৪ তারিখ: ০৫ সেপ্টেম্বর ২০২২ এর নির্দেশনা পরিপালনের লক্ষ্যে ২০১৯ সালে প্রণীত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা'-এর সংশোধন/পরিমার্জন/পরিবর্ধন করে জনতা ব্যাংক লিমিটেড 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২' (পরিশিষ্ট-ক) প্রণয়ন করা হয়েছে যা ০৬.০৩.২০২৩ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৫৯তম সভায় অনুমোদিত হয়।

এমতাবস্থায়, জনতা ব্যাংক লিমিটেড 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২' যথাযথভাবে পরিপালন ও অনুসরণের লক্ষ্যে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

ছাবিকুন নাহার
উপমহাব্যবস্থাপক

এ. কে. এম ফজলুর রহমান
মহাব্যবস্থাপক-ইনচার্জ (এইচআর)

পরিশিষ্ট-ক

# জনতা ব্যাংক লিমিটেড 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২'

**(০৬.০৩.২০২৩ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৫৯তম সভায় অনুমোদিত)**

**হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট**

**প্রধান কার্যালয়, ঢাকা।**

# সূচিপত্র


| ক্রম | বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | পটভূমি | ১ |
| ২. | উদ্দেশ্য | ১ |
| ৩. | পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহ | ১ |
| ৪. | মূল্যায়ণ পদ্ধতি | ২ |
| | ৪.১ এমডি অ্যান্ড সিইও হতে জিএম পর্যন্ত কর্মকর্তাদের জন্য মূল্যায়ণ সূচক | ২ |
| | ৪.২ ডিজিএম হতে এসপিও পর্যন্ত কর্মকর্তাদের জন্য মূল্যায়ণ সূচক | ২ |
| | ৪.৩ পিও হতে অফিসার পর্যন্ত কর্মকর্তাদের জন্য মূল্যায়ণ সূচক | ৩ |
| | ৪.৪ শাখা ব্যবস্থাপকদের জন্য মূল্যায়ণ সূচক | ৩ |
| | ৪.৫ কর্মচারীদের জন্য মূল্যায়ণ সূচক | ৪ |
| ৫. | পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ | ৪ |
| ৬. | শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি গঠন | ৪ |
| ৭. | পুরস্কারের মান | ৫ |

# জনতা ব্যাংক লিমিটেড 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২'

## ১। পটভূমিঃ

'সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ সালে মন্ত্রিসভা বৈঠকে অনুমোদিত হওয়ার পর মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট, গেজেট ও পুস্তিকা আকারে প্রকাশ করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং অভিলক্ষ্য 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা'। এ কৌশল বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদ এবং মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের নির্বাহী কমিটি গঠিত হয়েছে। জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে নৈতিকতা কমিটি গঠিত হয়েছে এবং নৈতিকতা কমিটির সদস্য-সচিব শুদ্ধাচার ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করছেন। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করছে। উক্ত কর্ম-পরিকল্পনায় অন্যান্য কর্মকাণ্ডের সঙ্গে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। শুদ্ধাচার চর্চায় সরকারের কার্যক্রমের সমান্তরালে বাংলাদেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহেও অনুরূপ কার্যক্রম গৃহীত হয়েছে। সকল তফসিলি ব্যাংকে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি গঠন, ফোকাল পয়েন্ট নির্ধারণ ও কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় কর্মকর্তা/কর্মচারীদের জন্য পুরস্কার প্রদানের কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রে অধিকতর পদ্ধতিগত স্বচ্ছতা আনয়ন এবং পরিসর বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার লেটার নং- ৩৪ তারিখ : ৫ সেপ্টেম্বর ২০২২ মোতাবেক জনতা ব্যাংক লিমিটেডের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ২০১৯ সালে প্রণীত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা' সংশোধন/পরিমার্জন/পরিবর্ধন করে জনতা ব্যাংক লিমিটেড 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২' প্রণয়ন করা হলো।

## ২। উদ্দেশ্যঃ

জনতা ব্যাংক লিমিটেডের নির্বাচিত কর্মকর্তা/কর্মচারীদের পুরস্কার প্রদানের উদ্দেশ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো। এ নীতিমালা অনুসরণে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার চর্চার নিমিত্ত প্রতি অর্থবছরে পুরস্কার প্রদান করতে হবে।

## ৩। পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহঃ

শুদ্ধাচার চর্চার জন্য ব্যাংকের নিম্নোক্ত ক্ষেত্রসমূহ বিবেচনা করতে হবেঃ

৩.১ ব্যাংকের প্রধান নির্বাহী হতে পরবর্তী নিম্নতর দুই ধাপের কর্মকর্তাগণ (এমডি অ্যান্ড সিইও হতে জিএম পর্যন্ত)

৩.২ ব্যাংকের চতুর্থ ধাপের কর্মকর্তা হতে ষষ্ঠ ধাপের কর্মকর্তাগণ (ডিজিএম হতে এসপিও পর্যন্ত)

৩.৩ ব্যাংকের সপ্তম ধাপের কর্মকর্তা হতে পরবর্তী নিম্নতর ধাপসমূহের কর্মকর্তাগণ (পিও হতে অফিসার পর্যন্ত)

৩.৪ ব্যাংকের শাখা ব্যবস্থাপকবৃন্দ*

৩.৫ ব্যাংকের কর্মচারিবৃন্দ**

* শাখা ব্যবস্থাপকগণ অন্য কোনো ক্ষেত্রে পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

** কর্মচারী বলতে পিয়ন/মেসেঞ্জার/দারোয়ান/গার্ডসহ ব্যাংকে চাকুরিরত অন্যান্য সকলকে (অনুচ্ছেদ ৩.১ হতে ৩.৪ এ উল্লিখিত কর্মকর্তাগণ ব্যতিরেকে) বুঝাবে।

৪। মূল্যায়ণ পদ্ধতিঃ

নীতিমালায় বর্ণিত সূচক (Indicators)-এর ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুসরণে এ পুরস্কার প্রদানের জন্য কর্মকর্তা/কর্মচারী নির্বাচিত হবে। শুদ্ধাচার চর্চার ক্ষেত্রে পুরস্কার প্রদানের সুপারিশ করার জন্য নিম্নের ছকসমূহে উল্লিখিত মূল্যায়ণ সূচকের বিপরীতে ধার্যকৃত মোট ১০০ নম্বর (প্রযোজ্যতা অনুযায়ী) বিবেচনা করতে হবেঃ

৪.১ ব্যাংকের প্রধান নির্বাহী হতে পরবর্তী নিম্নতর দুই ধাপের কর্মকর্তাদের (এমডি অ্যান্ড সিইও হতে জিএম পর্যন্ত) জন্য শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ণ সূচকঃ

| ক্রম. | মূল্যায়ণ সূচক | ধার্যকৃত নম্বর |
|---|---|---|
| ১. | সততা ও নৈতিকতার নিদর্শন | ১০ |
| ২. | নেতৃত্ব | ১০ |
| ৩. | প্রতিষ্ঠানের অভিলক্ষ্য বাস্তবায়ন | ১০ |
| ৪. | সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা | ১০ |
| ৫. | সিদ্ধান্ত গ্রহণে দক্ষতা | ১০ |
| ৬. | ই-নথি সেবা সহজীকরণ ও সংস্কার কার্যক্রমে উৎসাহিতকরণ | ১০ |
| ৭. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ১০ |
| ৮. | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন | ১০ |
| ৯. | প্রকল্প বাস্তবায়নে দক্ষতা | ১০ |
| ১০. | ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ |
| | মোট | ১০০ |

৪.২ ব্যাংকের চতুর্থ ধাপের কর্মকর্তা হতে ষষ্ঠ ধাপের কর্মকর্তাদের (ডিজিএম হতে এসপিও পর্যন্ত) জন্য শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ণ সূচকঃ

| ক্রম. | মূল্যায়ণ সূচক | ধার্যকৃত নম্বর |
|---|---|---|
| ১. | সততা ও নৈতিকতা | ১০ |
| ২. | সেবাগ্রহীতাদের সেবা প্রদান | ১০ |
| ৩. | পেশাগত দক্ষতা ও তথ্য প্রযুক্তির ব্যবহার (ই-নথি, ই-সার্ভিস ইত্যাদি) | ১০ |
| ৪. | অধস্তন কর্মচারীদের তত্ত্বাবধান ও পরিবীক্ষণ | ১০ |
| ৫. | দলগত কাজে সমন্বয় | ১০ |
| ৬. | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ |
| ৭. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে তৎপরতা | ১০ |
| ৮. | কর্তব্যনিষ্ঠা ও স্ব-প্রণোদিত উদ্যোগ | ১০ |
| ৯. | উদ্ভাবন ও সংস্কার কার্যক্রমে আগ্রহ | ১০ |
| ১০. | ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ |
| | মোট | ১০০ |

৪.৩ ব্যাংকের সপ্তম ধাপের কর্মকর্তা হতে পরবর্তী নিম্নতর ধাপসমূহের কর্মকর্তাদের (পিও হতে অফিসার পর্যন্ত) জন্য শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ণ সূচকঃ

| ক্রম. | মূল্যায়ণ সূচক | ধার্যকৃত নম্বর |
|---|---|---|
| ১. | সততা ও নৈতিকতা | ১০ |
| ২. | পেশাগত জ্ঞান ও সেবা প্রদানে দক্ষতা | ১০ |
| ৩. | সহকর্মী ও সেবাগ্রহীতার সঙ্গে আচরণ | ১০ |
| ৪. | উদ্ভাবন ও সংস্কারমূলক কার্যক্রমের চর্চা | ১০ |
| ৫. | তথ্য প্রযুক্তির ব্যবহারে পারদর্শিতা | ১০ |
| ৬. | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ |
| ৭. | নথি ব্যবস্থাপনায় দক্ষতা | ১০ |
| ৮. | দাপ্তরিক/তথ্যের গোপনীয়তা রক্ষা | ১০ |
| ৯. | আনুগত্য ও বিশ্বস্ততা | ১০ |
| ১০. | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ |
| | মোট | ১০০ |

৪.৪ ব্যাংকের শাখা ব্যবস্থাপকদের জন্য শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ণ সূচকঃ

| ক্রম. | মূল্যায়ণ সূচক | ধার্যকৃত নম্বর |
|---|---|---|
| ১. | সততা ও নৈতিকতার নিদর্শন | ১০ |
| ২. | সমন্বয় ও নেতৃত্ব দানের ক্ষমতা | ১০ |
| ৩. | সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা | ১০ |
| ৪. | অধস্তন কর্মচারীদের তত্ত্বাবধান ও পরিবীক্ষণ | ১০ |
| ৫. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে তৎপরতা | ১০ |
| ৬. | কর্তব্যনিষ্ঠা ও স্ব-প্রণোদিত উদ্যোগ | ১০ |
| ৭. | সিদ্ধান্ত গ্রহণে দক্ষতা | ১০ |
| ৮. | ই-নথি সেবা সহজীকরণ ও সংস্কার কার্যক্রমে উৎসাহিতকরণ | ১০ |
| ৯. | প্রকল্প/লক্ষ্য বাস্তবায়নে দক্ষতা | ১০ |
| ১০. | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ |
| | মোট | ১০০ |

৪.৫ ব্যাংকের কর্মচারীদের জন্য শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ণ সূচকঃ

| ক্রম. | মূল্যায়ণ সূচক | ধার্যকৃত নম্বর |
|---|---|---|
| ১. | সততা ও নৈতিকতা | ১০ |
| ২. | সেবা প্রদানে দক্ষতা | ১০ |
| ৩. | সহকর্মী ও সেবাগ্রহীতার সঙ্গে আচরণ | ১০ |
| ৪. | দাপ্তরিক/তথ্যের গোপনীয়তা রক্ষা | ১০ |
| ৫. | স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক ও দাপ্তরিক নিরাপত্তা সচেতনতা | ১০ |
| ৬. | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ |
| ৭. | আনুগত্য ও বিশ্বস্ততা | ১০ |
| ৮. | পরিষ্কার পরিচ্ছন্নতা | ১০ |
| ৯. | যথাযথ পোশাক পরিধান | ১০ |
| ১০. | ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ |
| | মোট | ১০০ |

**৫। পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণঃ**

৫.১ শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য বিবেচনার নিমিত্ত কর্মকর্তা/কর্মচারীকে ন্যূনতম ৩(তিন) বছর জনতা ব্যাংক লিমিটেড-এ কর্মরত থাকতে হবে।

৫.২ পুরস্কারের সূচকসমূহের বিপরীতে যথাসম্ভব প্রমাণকের ভিত্তিতে ক্যাটাগরি অনুসারে সর্বোচ্চ নম্বরপ্রাপ্তকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে।

৫.৩ কোনো কর্মকর্তা/কর্মচারীর মোট প্রাপ্ত নম্বর ন্যূনতম ৮০ না হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৫.৪ কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোনো অভিযোগ তদন্তাধীন/বিভাগীয়/ফৌজদারি মামলা চলমান থাকলে /মামলায় শাস্তিপ্রাপ্ত হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৫.৫ একাধিক কর্মকর্তা/কর্মচারীর প্রাপ্ত নম্বর একই হলে যৌথভাবে সেরা কর্মচারী নির্বাচন করতে হবে এবং প্রত্যেকে পৃথকভাবে পুরস্কৃত হবেন।

৫.৬ কোনো কর্মকর্তা/কর্মচারী একবার শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত হলে বদলি, পদোন্নতি বা অন্য কোনো কারণে কার্যালয়/কর্মস্থল পরিবর্তিত হলেও তিনি পরবর্তী ৩ বছরের মধ্যে পুনরায় পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হবেন না। বদলীযোগ্য চাকরির জন্য প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী কর্মস্থলের প্রত্যয়ন গ্রহণ করতে হবে।

**৬। শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি গঠনঃ**

৬.১ অনুচ্ছেদ ৩.১ এ উল্লিখিত কর্মকর্তাগণের মধ্য হতে পুরস্কার প্রদানের জন্য ব্যাংকের চেয়ারম্যানের নেতৃত্বে পরিচালনা পর্ষদের অপর দুইজন সদস্যের সমন্বয়ে গঠিত বাছাই কমিটি একজন কর্মকর্তাকে নির্বাচন করবে।

৬.২ অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত (অনুচ্ছেদ ৬.১ এ উল্লিখিত কর্মকর্তা ব্যতিরেকে) অন্যান্য কর্মকর্তা/কর্মচারিগণের মধ্য হতে পুরস্কার প্রদানের জন্য ব্যাংকের এমডি অ্যান্ড সিইও-এর নেতৃত্বে মানব সম্পদ বিভাগের প্রধান কর্মকর্তার সমন্বয়ে গঠিত বাছাই কমিটি প্রতিটি ক্ষেত্রে একজন কর্মকর্তা/কর্মচারী নির্বাচন করবে। বাছাই কমিটি প্রযোজ্য ক্ষেত্রে ব্যাংকের সংশ্লিষ্ট আঞ্চলিক/বিভাগীয় কার্যালয়ের প্রধানের মতামত গ্রহণ করবে।

৬.৩ বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত কর্মকর্তা/কর্মচারীদের পুরস্কার প্রদানের পূর্বে ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করতে হবে।

৭। **পুরস্কারের মানঃ**

পুরস্কারের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত কর্মকর্তা/কর্মচারীদেরকে পুরস্কার হিসেবে প্রত্যেককে একটি করে সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং একমাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করতে হবে। তবে, কোন কর্মকর্তা/কর্মচারী যে মাসে পুরস্কারের জন্য নির্বাচিত হবেন তার পূর্ববর্তী মাসের আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ পুরস্কার হিসাবে প্রাপ্ত হবেন।

■■■